
# ট্যাবের মাধ্যমে জরিপ পরিচালনার প্রক্রিয়া ও নির্দেশনা

## <u>ট্যাবের ব্যবহার সম্পর্কিত তথ্য</u>

### ট্যাব অন বা অফ করবেন কিভাবে?

- ডান পাশে অবস্থিত পাওয়ার বাটনটি কয়েক সেকেন্ড চেপে ধরে থাকুন।



### স্ক্রিন অফ বা লক করবেন কিভাবে?


- ডান পাশে অবস্থিত পাওয়ার বাটনটি একবার চেপে ছেড়ে দিন।

## স্ক্রিন অন বা আন-লক করবেন কিভাবে?



- ডান পাশে অবস্থিত পাওয়ার বাটনটি  একবার চেপে ছেড়ে দিন।
- এখন স্ক্রিনের নীচের দিকে প্রদর্শিত  তালার আইকনটি আঙ্গুল দিয়ে টেনে ডান দিকের প্রান্তে এনে ছেড়ে দিন।
- এখন যে স্ক্রিনটি এসেছে, এটিই এই ট্যাবের হোম বা প্রধান স্ক্রিন।

## বিভিন্ন বাটনের ব্যবহার

- স্ক্রিনের নীচের অংশে ৩ টি বাটন রয়েছে 
-  ব্যাক বাটন চেপে চলমান এপ্লিকেশনের বর্তমান মেনু থেকে পূর্বের মেনুতে ফেরত যাওয়া যায়। কয়েক বার ব্যাক বাটন চেপে চলমান কোনও এপ্লিকেশন বন্ধ করা হয়।
-  মেনু বাটন চেপে যেকোন মেনু বা এপ্লিকেশন থেকে সরাসরি হোম স্ক্রিনে চলে আসা যায়।





-  নেভিগেশন বাটন চাপলে একটি লিস্ট খুলে যায় যেখানে সম্প্রতি খোলা সকল এপ্লিকেশন ছোট আকারে (থাম্বনেইল) দেখা যায়।
- এই লিস্ট থেকে যে কোন এপ্লিকেশন ক্লিক করে দ্রুত এক এপ্লিকেশন থেকে অন্যটিতে চলে যাওয়া যায়।

# কোন শিশু জরিপে অংশগ্রহণ করতে পারবে

- শিশুর বয়স **শুধুমাত্র ৫ থেকে ১৫ বছরের মাঝে** হলে এবং সে **১ম শ্রেণী থেকে ৫ম শ্রেণীর শিক্ষার্থী** হলে তাকে জরিপ করুন।
- একই বাড়ী বা খানা থেকে একাধিক শিশু নেয়া যাবে (যদি তাদের বয়স **৫ থেকে ১৫ বছরের মাঝে** হয় এবং সে **১ম শ্রেণী থেকে ৫ম শ্রেণীর শিক্ষার্থী** হয়)।

# ট্যাব –এ জরিপ এপ্লিকেশন কিভাবে চালু করবেন

- হোম স্ক্রিনে অবস্থিত চিহ্নিত **"aser_iid"** আইকন টি ক্লিক করুন।
- জরিপ শুরু করার জন্য ডান থেকে বামে (←) সোয়াইপ করুন।
- পরের প্রশ্নে যাবার জন্য ডান থেকে বামে (←) সোয়াইপ করুন।
- পূর্বের প্রশ্নে যাবার জন্য বাম থেকে ডানে (→) সোয়াইপ করুন।




# পেশা কিভাবে পূরণ করবেন

**গৃহিণী -** বাইরে কোনও কাজ করেন না

**চাকুরী –** সরকারি/ বেসরকারি/ অন্য কারো ব্যবসা প্রতিষ্ঠান বা দোকানে চাকরি করেন।

**গৃহপরিচারিকা –** অন্যের বাড়ীতে কাজ করেন।

**কৃষক/খামারী –** নিজের জমিতে ফসল বা সব্জি চাষ করেন। বা, নিজের খামারে গরু-ছাগল, হাঁস-মুরগি, মাছ চাষ করেন।

**শ্রমজীবি** – রিক্সা চালক, ভ্যান চালক বা মাঝি, দিন মজুর বা অন্য কৃষক/গৃহস্থের জমিতে মজুর হিসেবে কাজ করেন।

**পেশাজীবি** – দর্জি, মিস্ত্রী, কামার, কুমার বা অন্যান্য কারিগরি কাজ করেন।

**ব্যবসা** – নিজের দোকান আছে বা অন্য কোন ব্যবসা করেন।

**বেকার** – শুধু মাত্র পিতার ক্ষেত্রে প্রযোজ্য - যিনি কোনও প্রকার উপার্জনকারী কাজ করেন না।

**অবসরপ্রাপ্ত** – আগে উপার্জন করতেন, এখন করেন না।

**অন্যান্য**

## বাংলা মূল্যায়ন সম্পর্কিত প্রশ্ন

- **'মূল্যায়ন-বাংলা'** লেখা স্ক্রিন আসলে সোয়াইপ করে পরবর্তী স্ক্রিনে চলে যান। পরবর্তি স্ক্রিন এ একটি নির্দেশনা আসবে। নির্দেশনা পড়ে সোয়াইপ করে পরবর্তী স্ক্রিনে চলে যান।
- পরবর্তী স্ক্রিনে আসা অনুচ্ছেদ বা বাক্যগুলো শিশুকে দেখান ও পড়তে বলুন। শিশু যখন পড়বে, তখন সে কোন শব্দ চিনতে বা পড়তে ভুল করে কি না তা খেয়াল করুন ও ভুলের সংখ্যা গুনে রাখুন।
- পড়ার সময় শিশু যদি ৩ অথবা ৩ এর চেয়ে কম ভুল করে তাহলে **সঠিক** এ টিক দিন।
- ৩ এর বেশি ভুল করলে তাকে আবার অনুচ্ছেদটি পড়তে বলুন। এবার যদি ৩ অথবা ৩ এর চেয়ে কম ভুল করে তাহলে **সঠিক** এ টিক দিন।
- তবে এবারও যদি ৩ এর বেশি ভুল করলে তাকে আবার অনুচ্ছেদটি পড়তে বলুন। ৩ অথবা ৩ এর চেয়ে কম ভুল করে তাহলে **সঠিক** এ টিক দিন।
- আবারও যদি ভুলের সংখ্যা ৩ এর অধিক হয় সেক্ষেত্রে **ভুল/উত্তর নেই** এ টিক দিন।
- শিশু যদি একেবারেই কিছু না পড়তে পারে সেক্ষেত্রেও **ভুল/উত্তর নেই** এ টিক দিন।
- পরবর্তী প্রশ্নে একটি গল্প দেয়া আছে। শিশুকে পড়তে দিন এবং একই পদ্ধতিতে যাচাই করে **সঠিক** অথবা **ভুল/উত্তর নেই** এ টিক দিন।

# <u>ইংরেজি মূল্যায়ন সম্পর্কিত প্রশ্ন</u>

- শব্দ বা বাক্যের অর্থের ক্ষেত্রে নিচের উত্তরের সাথে ফলাফল মিলিয়ে **সঠিক** অথবা **ভুল/উত্তর নেই** এ টিক দিন।

| | |
|---|---|
| cow = গরু | man = মানুষ/ পুরুষ মানুষ/ লোক |
| big = বড়/ বিরাট/ বিশাল | pen = কলম |
| hat = টুপি | |

| | |
|---|---|
| What is the time? | কয়টা বাজে? এখন কয়টা বাজে? সময় কত? |
| This is a large house. | ইহা একটি বড় বাড়ী। এটা একটা বিরাট বাসা। ইহা হয় একটি বিশাল বাড়ী |
| I like to read. | আমি পড়তে পছন্দ করি। আমার পড়তে ভাল লাগে। আমি পড়তে ভালবাসি |
| She has many books. | তার অনেক বই আছে। তার মেলা গুলো বই আছে। |

# গণিত মূল্যায়ন সম্পর্কিত প্রশ্ন

- গণিত মূল্যায়নের অংশে প্রথমেই কিছু অংক করতে দেয়া হবে।
- শিশুকে আলাদা একটি সাদা কাগজে অংক করতে দিন।
- নিচের উদাহরনের সাথে ফলাফল মিলিয়ে **সঠিক** অথবা **ভুল/উত্তর নেই** এ টিক দিন।
- ভাগের ক্ষেত্রে ভাগশেষ পর্যন্ত দেখাতে পারলেই সঠিক বলে গণ্য করা হবে। ভগ্নাংশ বা দশমিকে ভাগফল বের করার কোনো প্রয়োজন নেই।

সেট ১:


| | | | |
|---|---|---|---|
| ৪৯<br>-১৭<br>৩২ | ৪৬<br>-২৯<br>১৭ | ৭)৮৬৫(১২৩<br>৭<br>১৬<br>১৪<br>২৫<br>২১<br>৪ | ৪)৫১৭(১২৯<br>৪<br>১১<br>৮<br>৩৭<br>৩৬<br>১ |

সেট ২:


| | | | |
|---|---|---|---|
| ৯২<br>-৪৮<br>৪৪ | ৭৫<br>-৫৭<br>১৮ | ৮)৯৪৬(১১৮<br>৮<br>১৪<br>৮<br>৬৬<br>৬৪<br>২ | ৬)৭৫৭(১২৬<br>৬<br>১৫<br>১২<br>৩৭<br>৩৬<br>১ |

# কিভাবে আপনার অবস্থান রেকর্ড করবেন


- প্রথমেই আপনার অবস্থান রেকর্ড করার নির্দেশ দেয়া হবে।
- আপনার অবস্থান রেকর্ড করার জন্য **“Record Location”** –এ ক্লিক করুন




- **“Loading Location”** লেখা একটি উইন্ডো আসবে।
- কিছুক্ষন অপেক্ষা করলে এখানে **“Using network. Accuracy is *** m”** লেখা আসবে।




- দয়া করে নিশ্চিত করুন যে **“Accuracy is *** m”** –এর সংখ্যাটি ১০০ এর নীচে। জিপিএস অবস্থানের নির্ভুলতা **(network accuracy)** ১০০ মিটারের কম না হওয়া পর্যন্ত অপেক্ষা করুন।
- **Network accuracy** ১০০ মিটারের কম হলে **“Record Location”** –এ ক্লিক করুন।



- **অবস্থান রেকর্ড হলে এরকম একটি স্ক্রীন আসবে যেখানে অবস্থান সম্পর্কিত বিস্তারিত তথ্য দেখা যাবে।**




# বিশেষভাবে খেয়াল করুন

## ব্যাটারি ও চার্য

- প্রতি রাতে ট্যাবটি সম্পুর্ণ চার্য দিয়ে রাখুন। পাওয়ার ব্যাংকটিও চার্য দিন।
- জরিপ চলার সময় কিছুক্ষন পর পর ট্যাবের চার্যের অবস্থা খেয়াল করুন।
- চার্য বেশ কমে গেলে ‘পাওয়ার ব্যাংক’টি ট্যাবে লাগিয়ে নিন। পাওয়ার ব্যাংক লাগানো অবস্থায়ও জরিপ পরিচালনা করা যাবে।

## জিপিএস “Loading Location” না পেলে কি করবেন?

- সিগন্যাল এর দুর্বলতার কারনে দীর্ঘ সময় অপেক্ষার পরও **“Loading Location”** উইন্ডোতে যদি কোনও তথ্য না আসে, বা অবস্থানের নির্ভুলতা **(network accuracy)** ১০০ মিটারের কম না হয়, তাহলে ঘরের ভিতর থেকে একটু বাইরে খোলা আকাশের নীচে চেষ্টা করুন।
- সেখানেও কাজ না করলে **“Record Location”** না নিয়েই পরের প্রশ্নে চলে যান।

## জরিপ চলাকালীন অবস্থায় ভুল করে অন্য বাটনে চাপ পড়লে কিভাবে জরিপ স্ক্রিনে ফিরে আসবেন?

- নেভিগেশন বাটন বা অন্য কোন বাটন, মেনু বা আইকনে চাপ পড়ে অন্য কোনও স্ক্রিন বা উইন্ডো যদি খুলে যায়, তখন মেনু বাটনে চেপে হোম স্ক্রিনে চলে আসুন এবং চিহ্নিত **"aser_iid"** আইকনটি ক্লিক করুন। তাহলে, বন্ধ হয়ে যাবার আগে আপনি জরিপটির যে অংশে ছিলেন, ঠিক সেখানেই ফেরত যাবেন। পূর্বের প্রশ্নগুলোর উত্তরও সংরক্ষিত অবস্থায় পাবেন।
- মেনু বাটনে চাপ পড়ে হোম স্ক্রিন চলে আসলে চিহ্নিত **"aser_iid"** আইকন টি ক্লিক করুন। জরিপটি আবার আগের জায়গা থেকেই চালু হয়ে যাবে।
- জরিপ চলাকালীন অবস্থায় ব্যাক বাটন চাপ পড়লে **Exit aser_iid** লেখা একটি উইন্ডো দেখা যাবে। **Cancel** চাপুন। জরিপটির আগের যায়গায় ফিরে আসবেন।




## চলমান জরিপ বাতিল করে নতুন জরিপ কিভাবে শুরু করবেন?

- কোন একটি শিশুর জরিপ শুরু করে দেবার পর শেষ না করেই সেই জরিপটি যদি বাতিল করে দিতে হয়, তাহলে ব্যাক বাটন চাপুন। **Exit aser_iid** লেখা একটি উইন্ডো দেখা যাবে। এখানে **Ignore Changes** চাপুন। জরিপটি বাতিল হয়ে যাবে।

